

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
হাসপাতাল-২ অধিশাখা


স্মারক নং-৪৫.১৫৫.১১৪.০০.০০৭.২০১৫-১২০

তারিখ: ০২-০৩-২০১৭ খ্রি:

বিষয়: সরকারি হাসপাতালসমূহে আইসিইউ এবং স্ক্যানু সেবা সম্প্রসারণ।

উপর্যুক্ত বিষয়ে দেশের সরকারি হাসপাতালসমূহে আইসিইউ এবং স্ক্যানু সেবা সম্প্রসারণের লক্ষ্যে নিয়োক্ত কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

সিদ্ধান্ত নং	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১.	রাজস্ব খাতে পরিচালিত সকল সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে বিদ্যমান শয্যা সংখ্যার হিস্পুন আইসিইউ শয্যা সংখ্যা চালু করতে হবে;	প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য রাজস্ব খাতে পরিচালিত সকল সরকারি মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালকগণ-কে অনুরোধ করা হ'ল।
২.২.	বিদ্যমান অবকাঠামোর মধ্যে বর্ধিত আইসিইউ সেবা সুবিধা সম্প্রসারণের স্থান নির্ধারণ করতে হবে;	
২.৩.	বিদ্যমান চিকিৎসক এবং নার্সদের সমষ্টিয়ে এ সেবা প্রদান নিশ্চিত করতে হবে;	
২.৪.	নবজোগদানকৃত নার্সদেরকে আইসিইউ সেবা সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রদানের জন্য মন্ত্রণালয় বরাবর অনুরোধ জানানো যেতে পারে;	
২.৫.	বর্ধিত আইসিইউ সেবা পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক আইসিইউ বেড, ভেন্টিলেটর, ইনফিউশন পাম্প, সিরিঞ্জ পাম্প সরবরাহ করার জন্য মন্ত্রণালয় বরাবর চাহিদা প্রেরণ করতে হবে;	
২.৬.	প্রতিটি মেডিকেল কলেজ হাসপাতালে ২০ শয্যাবিশিষ্ট এবং যে সকল জেলায় মেডিকেল কলেজ হাসপাতাল নেই সে সকল জেলার ২৫০ শয্যাবিশিষ্ট সদর হাসপাতালে ১০ শয্যাবিশিষ্ট স্ক্যানু চালু করার কার্যক্রম গ্রহণ করতে হবে;	প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হ'ল।

  
 (রেহানু ইয়াছমিন)  
 উপসচিব  
 ফোন: ৯৫৫৬৯৮৯

বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল -----।
- ৩। তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন, ২৫০ শয্যাবিশিষ্ট জেলা সদর হাসপাতাল (সকল)।
- ৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।